দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 OCT 2017 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ......

# এমবিবিএস ভর্তি পরীক্ষায় ৯৫৪৩ আসনে প্রার্থী ৮২৮৬৫ জন

■ আবুল খায়ের

২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষা আগামী ৬ অক্টোবর শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। রাজধানীতে পাঁচটিসহ দেশের ২০টি কেন্দ্রে ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা নেওয়া হবে। রাজধানীর পাঁচটি কেন্দ্রের ৩৪টি ভেন্যুতে পরীক্ষা হবে। এবার পরীক্ষা শুরুর ১০ মিনিট পরে কোন পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না বলে নির্দেশনা জারি করা হয়েছে।

■ ■ ■ শুক্রবার সকাল ১০ থেকে ১১টা পর্যন্ত পরীক্ষা ■ ■ ■

জানা গেছে, এবার ৮২ হাজার ৮৫৬ জন শিক্ষার্থী মেডিকেলে ভর্তির জন্য আবেদন করেছেন। এমবিবিএস-এ সরকারি ৩১টি মেডিক্যাল কলেজের জন্য আসন রয়েছে তিন হাজার ৩১৮টি। আর ৬০টি বেসরকারি মেডিক্যাল কলেজের জন্য আসন রয়েছে ৬ হাজার ২২৫টি। সরকারি-বেসরকারি মোট আসন সংখ্যা ৯৫৪৩টি। গত বছর এমবিবিএসে ভর্তির জন্য আবেদন পড়েছিল ৯০ হাজার। এর মধ্যে ৮৫ হাজার ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। এবার জিপিএ-৫ এর হার কম হওয়ায় পরিক্ষার্থীর সংখ্যাও কম।

এদিকে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজগুলোয় ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পরীক্ষাকেন্দ্র পরিদর্শনের জন্য টিম গঠন করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসচিব খান মো. নুরুল আমীন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়, ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন ও কেন্দ্রসমূহে অনিয়ম তদারকির লক্ষ্যে এ কমিটি গঠন করা হয়। স্বাস্থ্য বিভাগে কর্মরত দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত প্রতিটি তদারকি টিমে (সর্বনিম্ন দুই থেকে সর্বোচ্চ ৫ সদস্যের সমন্বয়ে) অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, অধ্যাপক ও পরিচালকসহ অন্যরা রয়েছেন।

এছাড়া গত ১ অক্টোবর থেকে মেডিক্যালে ভর্তি কোচিং সেন্টারগুলো বন্ধ রাখা হয়েছে। সন্দেহজনক কোচিং সেন্টারগুলোকে নজরদারিতে রাখা হয়েছে। একাধিক গোয়েন্দা সংস্থা এ ব্যাপারে মাঠে কাজ করছে।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (মেডিক্যাল শিক্ষা) অধ্যাপক ডা. আব্দুর রশীদ জানান, এবার ভর্তি পরীক্ষার ৩০ মিনিট আগে শিক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে অনুরোধ করা হয়েছে। তবে পরীক্ষা শুরুর ১০ মিনিট পর কাউকে হলে প্রবেশ করতে দেওয়া হবে না।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম পৃষ্ঠা ১৯ কলাম ১

## এমবিবিএস ভর্তি

প্রথম পৃষ্ঠার পর

বলেন, মেডিক্যাল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের কোনও সুযোগ নেই। তাই পরীক্ষার্থী ও অভিভাবকরা কোনও ধরনের গুজবে কান দিবেন না। তিনি জানান, মেডিক্যাল ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সার্বিক পদক্ষেপ নেওয়া হয়েছে। পরীক্ষা সংক্রান্ত সব ধরনের প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, 'সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করতে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। সে কমিটি প্রশ্নপত্র প্রণয়ন থেকে শুরু করে কেন্দ্রে পৌঁছানো এমনকি খাতা মূল্যায়ন সবকিছুই মনিটরিং করবে। এছাড়া সমাজের বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিদের নিয়ে একটি ওভারসাইট কমিটিও করা হয়েছে।' তিনি বলেন, মেডিক্যাল ভর্তি পরীক্ষা নিয়ে কারো বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।